দৈনিক ইত্তেফাক

তারিখ 02 NOV 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ও কর্মচারীদের ধর্মঘট আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গতকালের ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ (ম-ই) এক সমাবেশের আয়োজন করে এবং মিছিল বাহির করে। সমাবেশে 'ছাত্রদলের সন্ত্রাসের' প্রতিবাদে আজ (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করা হইয়াছে।

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট আহ্বান

(১ম পৃঃ পর)

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ইকবালুর রহিম ইকবাল বলেন, অবৈধ চাঁদার টাকার ভাগাভাগি নিয়া ছাত্রদল ক্যাম্পাসে বন্দুকযুদ্ধ করিয়াছে।

ইহার আগেও তাহাদের আভ্যন্তরীণ কোন্দলে বাবলু, পাগলা শহীদ, হালিম প্রমুখ নিহত হইয়াছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।

ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে অপরাজেয় বাংলার পাদদেশে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্য আয়োজিত সমাবেশে বলা হইয়াছে, চাঁদা, ট্যাক্স ভাগাভাগির কারণে ছাত্রদল অতীতের মতই দুইভাগে বিভক্ত হইয়া পড়িয়াছে। এক গ্রুপে রহিয়াছে রতন-সাঈদ, অপর গ্রুপে জিন্নাহ-মানিক।

সমাবেশে ক্যাম্পাসে সন্ত্রাসীদের গ্রেফতারের আহ্বান জানান হয়। রুহুল কুদ্দুস বাবু, রাগিব আহসান মুন্না, রাজেকুজ্জামান রতন, উদয় পাল, মোঃ শহীদুল্লাহ, মোহসীন সরকার প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

ছাত্রলীগ (মি-ল) ডাকসু ভবনের সম্মুখে এক ছাত্রসভার আয়োজন করে। সৈয়দ সাখাওয়াৎ হোসেন, তারিক আল হাসান লিউ সভায় বক্তৃতা করেন।

জাতীয় ছাত্র সমাজ, সংগ্রামী ছাত্র ঐক্য, বাংলাদেশ ছাত্রদল, বাংলাদেশ ছাত্রমৈত্রী গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের আভ্যন্তরীণ কোন্দলে সৃষ্ট সন্ত্রাসে একজন নিহত ও বিশ্ববিদ্যালয়ের ৩ জন কর্মকর্তা-কর্মচারী আহত হওয়ার ঘটনার তীব্র নিন্দা প্রকাশ করিয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি ও ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদকগণ এক যুক্ত বিবৃতিতে গতকালের সন্ত্রাসী ঘটনায় কবি জসীম উদ্দিন হলের শাখা অফিসার আবদুস সাত্তার, হিসাব পরিচালক দপ্তরের পিয়ন আবদুল আলীম ও ব্যবসায় প্রশাসনের নিরাপত্তা প্রহরী হায়দার আলী আহত হওয়ায় গভীর উদ্বেগ ও তীব্র ক্ষোভ প্রকাশ করেন। এই ঘটনার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা আজ মঙ্গলবার ধর্মঘট পালন করিবেন এবং সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সম্মুখে যৌথ প্রতিবাদ সভায় মিলিত হইবেন।